

## কর্তৃপক্ষ ব্যর্থ হলে নিজেরাই ডাকসু নির্বাচন করব

সেলিম

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

কর্তৃপক্ষ ডাকসু নির্বাচনের ব্যবস্থা করতে ব্যর্থ হলে নিজেরাই নির্বাচনের ব্যবস্থা করবেন বলে ঘোষণা দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সাবেক নেতারা। গতকাল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সন্মানে বটভদ্রায় বাংলাদেশ নির্বাচন পৃষ্ঠা ২ ক ২

## নির্বাচন করব

(১৬ পৃষ্ঠার পর)

ছাত্র ইউনিয়ন আয়োজিত এক আলোচনা সভায় নেতারা এ ঘোষণা দেন। আলোচনায় ডাকসুর সাবেক সহসভাপতি মুজাহিদুল ইসলাম সেলিম বলেন, 'কর্তৃপক্ষ নির্বাচনের ব্যবস্থা না করলে প্রয়োজনে ডাকসুর সাবেক নেতারা নির্বাচন কমিশন গঠন করে বেসরকারিভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনের আয়োজন করবে।' তিনি বলেন, 'ছাত্র সংগঠনগুলো যদি রাজি থাকে তবে প্রথমসময় ছাত্রসংসদ নির্বাচন দিতে ব্যর্থ হলে সাবেক ডাকসু নেতাদের মতাবতের জিহ্বিতে বতস্থ নির্বাচন কমিশন গঠন করে নির্বাচনের ব্যবস্থা করা হবে। ডাকসুর সাবেক এ নেতা আরও বলেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য যদি এ নির্বাচনের আয়োজন করতে না পারে তাহলে তাকে পদত্যাগ করা উচিত। যে বা যারা এটা আয়োজন করতে পারবেন তারা এই এ পদে আসুক বলে মত দেন। অর্থনীতিবিদ অধ্যাপক আবু মুহাম্মদ বলেন, এগুণাদের বৈরশাসনের সময়ও ছাত্র সংসদ নির্বাচন হয়েছে। কারণ তখন ছাত্রদের মধ্যে ঐক্য ছিল। কিন্তু পরবর্তীতে গণতান্ত্রিক সরকার এসে সেই ঐক্য স্তিমিত হয়ে যাওয়ার ফলে সংসদ নির্বাচন সেয়া হচ্ছে না। অগণতান্ত্রিক দাপট চলা করতাই ডাকসু নির্বাচন সেয়া হচ্ছে না বলে মনে করেন তিনি। ডাকসুর সাবেক সহসভাপতি মাহফুজা খানম বলেন, ডাকসু এখন নষ্ট হচ্ছে সন্ত্রাসী, ঠাণ্ডাবাজি, টেতারবাজিতে। এ তরুণদের এসব অপকর্ম ছেড়ে ছাত্র সংসদ নির্বাচন আনন্দের লক্ষ্যে রাজপথে নামতে হবে। ছাত্র ইউনিয়নের সভাপতি এসএম ওসম সজাপতিও আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন শিক্ষার্থী অধিকার সঙ্ঘের মুখপাত্র নূর বাহারুল, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. অহিদুজ্জামান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মাসিম আক্তার হোসাইন, ছাত্র ইউনিয়নের সাবেক সভাপতি মানবেন্দ্র দেব, বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ প্রমুখ।